

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।


তারিখ: ২১ জানুয়ারি, ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২১-০১-২০২৫ তারিখ রোজ মঙ্গলবার জনাব মংচিংনু মারমা, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে 'পশ লাউঞ্জ বুফটপ, ১২/এ, রোড-৭, সফুরা টাওয়ার, পল্লবী, মিরপুর, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে রেস্টুরেন্টের রান্নাঘরের রেফ্রিজারেটরে যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে কাচা এবং রান্নাকরা মাংস, মাছ, নুডুলস, স্প্রিং রোল মজুদ করতে দেখা যায়; বিদেশী খাদ্যোপকরণে আমদানিকারকের তথ্য সংযোজন ব্যতিরেকে ফিস সস, সয়া সস ও বার্বিকিউ সস মজুদ ও ব্যবহার করতে দেখা যায়। রান্নাঘরে ডাস্টবিন খোলা অবস্থায় পাওয়া যায়; এছাড়াও রেস্তোরাঁ নিবন্ধন সনদ, ফায়ার লাইসেন্স, প্রিমিসেস লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে ম্যানেজার এর বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে (৩০ দিনের সময় দিয়ে) অব্যাহতি প্রদান করা হয়।

জনাব মো: মিজানুর রহমান, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।


২১.০১.২০২৫

বি. এম. রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।